সমকাল

তারিখ: 21 NOV. 2013
পৃষ্ঠা: ৮ কলাম: ৪

বাকৃবিতে অভিভাবকদের অঙ্গীকারনামা

■ বাকৃবি সংবাদদাতা

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ভর্তির ক্ষেত্রে ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকদের অঙ্গীকারনামায় স্বাক্ষর করতে হচ্ছে। এ অঙ্গীকারনামা অনুযায়ী কোনো শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা পরিপন্থী কোনো কাজ করলে এবং কোনো ফি প্রদানে অপারগতা প্রকাশ করলে বিশ্ববিদ্যালয় প্রশাসন তার বিরুদ্ধে যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে ওই শিক্ষার্থী তা মেনে নিতে বাধ্য থাকবেন। এদিকে ওই অঙ্গীকারনামাকে গণতান্ত্রিক অধিকার হরণের অঙ্গীকারনামা বলে তা বাতিলের দাবি জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল ছাত্রজোটের নেতারা।

জানা গেছে, আগামী ২৩ ও ২৪ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ভর্তিচ্ছুদের ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে। এ কার্যক্রমের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তিচ্ছুদের পছন্দের বিষয়ের তালিকা পূরণ করতে হচ্ছে। পাশাপাশি এ বছর থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবকদের অঙ্গীকারনামা স্বহস্তে পূরণ করতে হচ্ছে।